



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
রেজিস্ট্রার জেনারেলের কার্যালয়  
স্থানীয় সরকার বিভাগ

“শেখ হাসিনার মূলনীতি  
গ্রাম শহরের উন্নতি”

পরিবহন পুল ভবন (৯ম তলা)  
সচিবালয় লিংক রোড, ঢাকা-১০০০।  
ওয়েব সাইট: [orgbdr.gov.bd](http://orgbdr.gov.bd)

স্মারক নং-৪৬.০৪.০০০০.১০১.০৫.০০৪.১৭- ০২৪৭

তারিখঃ ২৬ নভেম্বর ২০২২ খ্রি।

বিষয় : রেজিস্ট্রার জেনারেলের কার্যালয়, জন্ম ও মৃত্যু নিবন্ধন এর ই-গভন্যার্প ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২২-২৩ অর্থ বছরের ১.১ সেবা সহজীকরণের আওতাভুক্ত ব্যক্তির মোবাইল নম্বর হালনাগাদকরণের বিষয়টি অবহিতকরণ।

০২। এ কার্যালয়ের কারিগরি টিম কর্তৃক সেবা সহজীকরণের জন্য নিবন্ধনাধীন ব্যক্তির মোবাইল নম্বর হালনাগাদকরণ সেবাটির ফিচার <http://eservices.bdris.gov.bd> ওয়েব সাইটে যুক্ত করা হয়েছে। নিবন্ধনাধীন ব্যক্তি নিজেই তার মোবাইল নম্বর পরিবর্তন করতে পারবে। একই মোবাইল নম্বর একই পরিবারের সর্বোচ্চ ৫ জনের ক্ষেত্রে ব্যবহার করা যাবে। ইহা তাঁর সদয় অবগতি পরবর্তী নির্দেশনার জন্য প্রেরণ করা হলো।

ক্রমিক নং	সেবার নাম	ব্যবহারের সংক্ষিপ্ত বিবরণ	সেবার লিং
০১	মোবাইল নম্বর হালনাগাদ	<p>ভূমিকাঃ রেজিস্ট্রার জেনারেলের কার্যালয়, জন্ম ও মৃত্যু নিবন্ধন এর BDRIS সফটওয়্যারে ব্যক্তির জন্ম নিবন্ধন আবেদনের সময় মোবাইল নম্বর ব্যবহার করা হয়। অনেক ক্ষেত্রে নিবন্ধনাধীন ব্যক্তির মোবাইল নম্বর ব্যবহার না করে অন্য ব্যক্তির (বেশির ভাগ ক্ষেত্রে দোকানদারের) মোবাইল নম্বর ব্যবহার করা হয়েছে। ঐ নিবন্ধনাধীন ব্যক্তির জন্ম তথ্য সংশোধন করতে গেলে BDRIS সফটওয়্যার হতে জন্ম নিবন্ধন করার সময় ব্যবহৃত মোবাইল নম্বরে ওটিপি যায়। ওটিপি প্রাপ্তির পর জন্ম তথ্য সংশোধন করা যায়। নিবন্ধনাধীন ব্যক্তি উক্ত ওটিপি পায় না। যার ফলে জনভোগান্তির সৃষ্টি হয়। জনভোগান্তি লাগবের জন্য সেবা সহজীকরণের আওতায় এ কার্যালয় হতে উদ্যোগ গ্রহণ করা হয়।</p> <p><b>আবেদনের ধাপসমূহ:</b> নিবন্ধনাধীন ব্যক্তি নিজেই তার মোবাইল নম্বর পরিবর্তন করতে পারবে। একই মোবাইল নম্বর একই পরিবারের সর্বোচ্চ ৫ জনের ক্ষেত্রে ব্যবহার করা যাবে। নিম্নলিখিত ধাপে মোবাইল নম্বর হালনাগাদ করা যাবে।</p> <p><b>ধাপ-১:</b> ব্যক্তির মোবাইল নম্বর পরিবর্তন করার জন্য <a href="http://eservices.bdris.gov.bd">http://eservices.bdris.gov.bd</a> ওয়েব সাইটে প্রবেশ করতে হবে।</p> <p><b>ধাপ-২:</b> জন্ম তথ্য সংশোধনের আবেদন নম্বর ও জন্ম তারিখ দিয়ে ‘সাবমিট বাটনে’ ক্লিক করতে হবে।</p> <p><b>ধাপ-৩:</b> এরপর রেজিস্ট্রার জেনারেলের কার্যালয়ের শর্তগুলি মানার জন্য ‘একমত বাটনে’ ক্লিক করতে হবে।</p> <p><b>ধাপ-৪:</b> ব্যক্তির বয়স ১৮ বছরের উপরে হলে ব্যক্তির জাতীয় পরিচয় পত্র নম্বর এবং যদি ব্যক্তির বয়স ১৮ বছরের নিচে হয় তবে ব্যক্তির জন্ম নিবন্ধন নম্বর ও জন্ম তারিখ বসিয়ে ‘পরবর্তী ধাপ’ বাটনে ক্লিক করতে হবে।</p> <p><b>ধাপ-৫:</b> পরবর্তী পাতায় পিতামাতার জন্ম নিবন্ধন নম্বর, জাতীয় পরিচয় পত্র নম্বর ও জন্ম তারিখ বসিয়ে ‘পরবর্তী ধাপ’ বাটনে ক্লিক করতে হবে।</p> <p><b>ধাপ-৬:</b> পরবর্তী পাতায় সঠিক মোবাইল নম্বর বসিয়ে ‘Send OTP’ বাটনে ক্লিক করলে ও মোবাইল নম্বরে একটি OTP আসবে। OTP এর ঘরে উক্ত OTP বসিয়ে ‘পরবর্তী ধাপ’ বাটনে ক্লিক করতে হবে। এরপর Successfully ম্যাসেজ দেখাবে।</p> <p>এভাবে ব্যক্তির আবেদনের প্রেক্ষিতে মোবাইল নম্বর পরিবর্তন হয়ে যাবে। এরপর ব্যক্তির জন্ম তথ্য সংশোধনের জন্য নিবন্ধকসহকারী কর্তৃক পুনরায় OTP প্রেরণ করলে পরিবর্তিত মোবাইল নম্বরে OTP আসবে।</p>	<p><a href="https://eservices.bdris.gov.bd/bdris-ui/#/birth-correctio-n-info">https://eservices.bdris.gov.bd/bdris-ui/#/birth-correctio-n-info</a></p>

স্বা/

মোঃ রাশেদুল হাসান

রেজিস্ট্রার জেনারেল (অতিরিক্ত সচিব)

জন্ম ও মৃত্যু নিবন্ধন

ফোনঃ +৮৮০২২২৩০৮৬৬০৬

ই-মেইল- [rg@lgd.gov.bd](mailto:rg@lgd.gov.bd)

সচিব

স্থানীয় সরকার বিভাগ

বাংলাদেশ সচিবালয়, ঢাকা।


[দূ: আ: উপসচিব, সিটি কর্পোরেশন-২ শাখা]

স্মারক নং-৪৬.০৪.০০০০.১০১.০৫.০০৪.১৭- ১১৫৭

তারিখঃ ১৮ নভেম্বর ২০২২ খ্রি।

অনুলিপি সদয় অবগতি/অবগতির জন্য প্রেরণ করা হলো:

- ০১। মহাপরিচালক, কনস্যুলার ও কল্যাণ অনুবিভাগ, পররাষ্ট্র মন্ত্রণালয় [দৃ: আ: সহকারী সচিব (কনস্যুলার ও এম আর পি)]  
(তাকে তার অধিনস্ত নিবন্ধন কার্যালয়েকে বিষয়টি অবগত করার জন্য অনুরোধসহ)
- ০২। অতিরিক্ত সচিব (ইউপি), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৩। উপসচিব, ই-গভর্নেন্স-১,২ অধিশাখা, মন্ত্রিপরিষদ বিভাগ।
- ০৪। উপসচিব, ইউপি-২ শাখা, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৫। উপপরিচালক, স্থানীয় সরকার (সকল), ..... জেলা। (তাকে তার অধিনস্ত নিবন্ধন কার্যালয়েকে বিষয়টি অবগত করার জন্য অনুরোধসহ)
- ০৬। উপজেলা নির্বাহী অফিসার (সকল), .....। (তাকে তার অধিনস্ত নিবন্ধন কার্যালয়সমূহে বিষয়টি অবগত করার জন্য অনুরোধসহ)
- ০৭। অফিস কপি।



মোঃ রাশেদুল হাসান  
রেজিস্ট্রার জেনারেল (অতিরিক্ত সচিব)  
জন্ম ও মৃত্যু নিবন্ধন